

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

সপ্তম শ্রেণি

বাংলা

১. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

৩×৫=১৫

১.১ ‘তার চলবার ভঙ্গিটি বড়ো মজার।’

— কার চলবার ভঙ্গিটি বড়ো মজার? তার চলার ভঙ্গি প্রসঙ্গে প্রাবন্ধিক কী জানিয়েছেন?

১.২ ‘কার নাম দুন্দুভি? কাকে বলে অরণি?’

— প্রশ্ন দুটি তোমাকে করা হলে তুমি কী উত্তর দেবে?

১.৩ ‘ওই পাহাড়টার নাম জানো?’

— প্রশ্নকর্তার পরিচয় দাও। তিনি কাকে এই প্রশ্ন করেছেন? শ্রোতা তার উত্তরে কী জানিয়েছেন?

১.৪ পুলিনবিহারী সেন ‘জনগণমন অধিনায়ক জয় হে’ গানটি রচনার উপলক্ষ জানতে চেয়ে রবীন্দ্রনাথ ঠাকুরকে চিঠি লিখলে তিনি কী উত্তর দিয়েছিলেন?

১.৫ ‘ভেসে যায় নামগুলি’ — কোন্ নামগুলি, কোথায়, কেন ভেসে যায়?

২. নির্দেশ অনুসারে নীচের ব্যাকরণগত প্রশ্নগুলির উত্তর দাও :

২.১ বাক্যে প্রয়োগ করো :

১×৩=৩

২.১.১ ঝিরঝির

২.১.২ টাপুর-টুপুর

২.১.৩ খিলখিল

২.২ নীচের বাক্যগুলিতে শব্দদ্বৈতগুলির প্রয়োগ বৈশিষ্ট্য দেখাও :

১×২=২

২.২.১ ঠেলাঠেলির মধ্যে না যাওয়াই ভালো।

২.২.২ দেখতে দেখতে সন্ধ্যা নেমে এল।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।